

ক্রসফায়ার

আমরা জানতাম এরপর কী হবে
তবু সকালবেলা অপেক্ষা করেছি কী হয়েছে

এমনকি এও জানতাম মারার আগে
গায়ে বিদ্যুৎ, পেছনে লৌহদণ্ড
আর মুখে তপ্ত ডিম্ব ঢুকিয়ে
আটকে দেবে সকল দরজা।

যে লাশে কেউ কাঁদে না
যে মৃত্যুতে নেই শোক
তার অপেক্ষায় কাটে সারাবেলা

একটা চাবুক ছিটকে যায় স্বাধীনতা নামে

কালো পিচে লেগে থাকার রক্তের নেকাব সরে যায়
দেহে ফুটে ওঠে অজস্র লাল সেভেন ও' ক্লক ফুল
আমরা বুঝি সাতটা বাজে- আলো এলো
সখি লো জল কে চল,

আজ খবর পাবো জানি,
মাথা ফুঁড়ে বেরিয়ে গেছে উচ্চচাপের পানি
ছেঁড়া ছেঁড়া মগজ আর ছোপ ছোপ রক্ত নিয়ে
লেগে আছে মেঘ, আকাশে

প্রিয়মুখ সব

কতদিন প্রিয়মুখগুলো দেখি না
লুপ্ত গুপ্ত শহর যাদের ছিলো বাস
এই হৃদয়ধরণী 'পরে,
কত কত দিন হাঁটি না
তাদের গলি আর রাজপথ।

কত কত দিন বৃষ্টি ঝরে না হৃদয় বনতলে
অজস্র নামের গাছগুলো
ধূসর রংয়ে আছে ছেয়ে

যারা যার কাছে গিয়েছি যতবার
কাঁচের দেয়ালের ওপাশ থেকে তারা ব্যাকুল
যতবার দেখেছি মুখ কৃষ্ণ বা বাদামি
তাদের যত সূক্ষ্মহাসি আর চাপাকান্না
তাদের সব মুখ কত প্রিয় হয়ে যায়

কারো সাথে কথাই হয়নি কোনোদিন
চলেছি পাশাপাশি রেললাইন
কারো সাথে জড়িয়ে গেছি মেঘের পরে মেঘ
ঢেলেছি হৃদয়ের শাওন ধারাজল
ছুঁয়েছি কত হাত নিভতে;
কত চোখে কান্না একে সেরে গেছি কোথা

যত মুখ দেখেছি আর তাদের যত শরীর
আঙুলে তাদের যত ব্রীড়া
আমার প্রিয়মুখগুলো তাদের
কতকাল ছুঁয়ে দেখি না ।